



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘Office Management’ শীর্ষক ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রোজেক্টের আওতায় Institutional Quality Assurance Cell (IQAC), JnU-এর উদ্যোগে ‘Office Management’ শীর্ষক দিনব্যাপী ট্রেনিং প্রোগ্রাম ৩ এপ্রিল ২০১৮, মঙ্গলবার, সকাল ১০টায় কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ভার্চুয়াল ক্লাস রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ট্রেনিং প্রোগ্রামে সভাপতিত্ব করেন IQAC, JnU-এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আইন-উল-হুদা। ট্রেনিং প্রোগ্রামে রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য প্রদান করেন Bangladesh Institute of Management (BIM)-এর Management Counselor এম. আমিনুর। ট্রেনিং প্রোগ্রামে নথি ব্যবস্থাপনা,

রেকর্ড ব্যবস্থাপনা, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা এবং ম্যানার ও প্রটোকল বিষয়ে মূল্যবান বক্তব্য প্রদান করেন।

ট্রেনিং প্রোগ্রামে কেন্দ্রীয় গ্রন্থাগার, প্রক্টর দপ্তর, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, প্রকৌশল দপ্তর, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, মেডিকেল সেন্টার, সমাজকর্ম বিভাগসহ বিভিন্ন বিভাগ ও দপ্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এসময় রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান উপস্থিত ছিলেন।